

= সোয়াদ | □□d | —

আয়াতঃ ৩৮: ৭০

আরবি মূল আয়াত:

إِن يُّوحٰى إِلَىَّ إِلَّا أَنَّمَا أَنَا نَذِيرٌ مُّبِينٌ ﴿٧﴾

🗚 অনুবাদসমূহ:

আমার কাছে তো এ ওহীই আসে যে, আমি একজন স্পষ্ট সতর্ককারী মাত্র'। — আল-বায়ান আমার কাছে ওয়াহী করা হয়েছে যে, আমি কেবল একজন স্পষ্ট সতর্ককারী। — তাইসিরুল আমার নিকটতো এই অহী এসেছে যে, আমি একজন স্পষ্ট সতর্ককারী। — মুজিবুর রহমান

It has not been revealed to me except that I am a clear warner." — ${\sf Sahih}$ International

৭০. আমার কাছে তো এ ওহী এসেছে যে, আমি একজন স্পষ্ট সতর্ককারী মাত্র।

তাফসীরে জাকারিয়া

- (৭০) আমার নিকট তো ওহী (প্রত্যাদেশ) এসেছে যে, আমি একজন সতর্ককারী মাত্র।'[1]
 - [1] অর্থাৎ, আমার দায়িত্ব হল যে, আমি তোমাদেরকে ঐ সকল ফরয ও সুন্নত জানিয়ে দেব, যা পালন করে তোমরা আল্লাহর শাস্তি থেকে রক্ষা পাবে এবং ঐ সকল হারাম বস্তু ও পাপাচরণ বর্ণনা করে দেব, যা থেকে বিরত থাকলে তোমরা আল্লাহর সম্ভুষ্টি অর্জন করতে পারবে এবং বিরত না থাকলে তাঁর ক্রোধের শিকার হবে। এটাই সেই সতর্কবাণী, যার ওহী আমাকে করা হয়।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4040

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন